ঝিনাইদহের কালীগঞ্জে ট্রাক চাপায় কলেজ ছাত্র নিহত

ঝিনাইদহের কালীগঞ্জে ট্রাক চাপায় মোটরসাইকেল আরোহী সাহেদ আলী
(২০) নামের এক কলেজ ছাত্র নিহত হয়েছে। আজ বুধবার (৬মার্চ) সকালে কালীগঞ্জ পৌরসভার বিহারী মোড় নামক স্থানে এ দুর্ঘটনা ঘটে।

নিহত সাহেদ উপজেলার ঈশ্বরবা গ্রামের রমজান আলীর ছেলে। এবছর এইচএসসি পাশ করে বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরিক্ষায় অংশ নিচ্ছে। ঘাতক ট্রাকটিকে আটক করেছে কালীগঞ্জ থানা পুলিশ।

কালীগঞ্জ ফায়ার সার্ভিসের স্টেশন অফিসার শেখ মামুনুর রশিদ জানান, সকালে মোটরসাইকেল যোগে বাড়ি থেকে বেরিয়ে কালীগঞ্জ শহরে আসছিল সাহেদ আলী। পথিমধ্যে শহরের বিহারীমোড় নামক স্থানে পৌছালে সামনের দিক থেকে আসা রড বোঝাই একটি ট্রাকের সাথে মোটর সাইকেলটির মুখোমুখি সংঘর্ষ হয়। এতে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

কালীগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আবু আজিফ জানান, কালীগঞ্জ পৌরসভার বিহারী মোড় নামক স্থানে ট্রাক চাপায় মোটরসাইকেল আরোহী সাহেদ আলী নামের এক কলেজ ছাত্রের মৃত্যু হয়েছে। পরিবারের পক্ষ থেকে কোন মামলা না করায় মৃতদেহ পরিবারের কাছে হস্তান্তর করেছে।

গাংনীতে সাপের কামড়ে কলেজ ছাত্র নিহত

মেহেরপুরের গাংনী উপজেলার করমদি গ্রামে সাপের কামড়ে আকাশ আহম্মেদ
(১৮) নামের এক কলেজ ছাত্র নিহত হয়েছেন।

আকাশ আহম্মেদ করমদি গ্রামের কুমারপাড়ার রাহিদুল ইসলামের ছেলে ও করমদি ডিগ্রি কলেজের একাদশ শ্রেনীর ছাত্র।

গতরাতে বিছানায় ঘুমন্ত অবস্থায় আকাশ আহাম্মেদের হাতে সাপে কামড় দেয়। রাতেই তাকে স্থানীয় এক ওঝাঁ’র (কবিরাজ) কাছে নিলে সে ঝাঁড়ফুক করে দেন। আজ সকালে তার অবস্থা খারাপ হওয়ায় তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যাওয়ার সময় পথের মধ্যে মারা যায় সে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এই তথ্য নিশ্চিত করেছেন।

গাংনীতে গোরস্থানের ছাদ ভেঙ্গে বুকে পড়ে কলেজ ছাত্র নিহত

গোরস্থানের ছাঁদে ঝুলনে ঝুলে ব্যায়াম করার সময় ছাদ ভেঙ্গে চাপা পড়ে জয় আহমেদ (১৮) নামের এক কলেজ ছাত্র মারা গেছে।

নিহত জয় গাংনী সরকারী ডিগ্রী কলেজের এইচ,এস,সির প্রথম বর্ষের ছাত্র ও উপজেলার দেবীপুর গ্রামের শাহজাহান আলীর ছেলে।
গতকাল শনিবার দিবাগত মধ্যরাতে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যায় সে। বামন্দী ইউনিয়নের দেবিপুর গ্রামের মেম্বর হিরোক হোসেন এই তথ্য নিশ্চিত করেছেন।

এর আগে গতকাল শনিবার (৩ জুন) সন্ধ্যায় তার অপর বন্ধুদের সাথে বাড়ি ফেরার পথ দেবীপুর গোরস্তানের গেইটের ছাঁদে ঝোলানো ঝুলনে ঝুল দিতে গেলে ছাদ ভেঙ্গে বুকের উপর পড়ে। তাকে সাথে সাথে উদ্ধার করে প্রথমে বামন্দীর একটি বেসরকারি ক্লিনিকে। ও সেখান থেকে রাতেই কুষ্টিয়া মেডিকেলে নিলে কতর্ব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। আজ রবিবার সকাল ১০ টার দিকে জয়ের নামাযে জানাজা অনুষ্ঠিত হয়।